গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মোকাম্মির হোসেন সচিব
সভার তারিখ	০৫ আগস্ট ২০২১
সভার সময়	বেলা ১১.০০ টা
স্থান	জুম অনলাইন প্ল্যাটফর্মে।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি জাতির পিতা এবং বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবসহ তাঁর পরিবারের সদস্যবর্গের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। সভাপতি, মহান স্বাধীনতা যুদ্ধের শহিদ ও জীবিত সকল মুক্তিযোদ্ধার প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, শোকদিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে কর্মসূচি চূড়ান্তকরণ এবং গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক এ সভার আয়োজন করা হয়েছে। তিনি এ সভায় জুম অনলাইন প্ল্যাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানান।

অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মযাদা ও ভাবগম্ভীর পরিবেশে সমগ্র বাংলাদেশ এবং প্রবাসে 'জাতীয় শোক দিবস' পালনের উদ্দেশ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচিসমূহের আলোকে যে সকল খসড়া কর্মসূচি গ্রহণ করা হয়েছে তা সভায় উপস্থাপন করেন।

২। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভাকে জানান, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়ঃ

- অধিদপ্তরসহ সকল বিভাগীয় দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স, জেলা দপ্তর ও স্টেশনসমূহেজাতীয় পতাকা অর্ধনমিত থাকবে;
- অধিদপ্তরসহ সকল বিভাগীয় দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স, জেলা দপ্তর ও স্টেশনসমূহেজাতীয় শোক দিবসের ড্রপডাউন ব্যানার ও ফেস্টুন টাঙ্গানো হবে;
- ৩২ নং ধানমন্ডিস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ঢাকার বনানী কবরস্থান, টুঙ্গী পাড়াস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিস্থল-এ পুস্পস্তবক অর্পণকালে ধানমন্ডি লেক-এ নৌ টহলের ব্যবস্থাসহ প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থানিশ্চিত করা হবে;
- ডুবুরিসহ রেসকিউবোট ও ওয়াটার রেসকিউ টিম মোতায়েন করা হবে;
- অধিদপ্তরের আওতাধীন সকল ইলেকট্রনিক বিলবোর্ডে জাতীয় শোক দিবস সম্পর্কিত প্রচার প্রচারণা করা হবে;
- দাপ্তরিক ওয়েবসাইট ও দাপ্তরিক ফেসবুক পেজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জীবনী সম্পর্কিত প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হবে ;
- অধিদপ্তরের কেন্দ্রীয় জামে মসজিদসহ ট্রেনিং কমপ্লেক্স ও বিভাগীয় সদর দপ্তরের সকল মসজিদে বাদ জোহর

সামাজিক দূরত্ব বজায় রেখে জাতির পিতা শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শাহাদত বরণকারী সদস্যদের জন্য কোরানখানি ও বিশেষ মোনাজাত করা হবে;

৩।সভায় কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর জানান, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনের জন্য কারা অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হবেঃ

- ফ্লাগ রুলস যথাযথভাবে অনুসরণ করে কারা অধিদপ্তর ও অধীন দপ্তর/সংস্থায় জাতীয় পতাকা অর্ধনমিত থাকবেও এ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক কালো ব্যাজ ধারণ করা হবে;
- জাতীয় শোক দিবসের ব্যানার এ মাসব্যাপী দৃশ্যমান স্থানে প্রদর্শন করা হবে;
- ১৫ই আগস্ট ২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারে বঙ্গবন্ধু কারা স্মৃতি জাদুঘরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে;
- কারা কর্মকর্তা ও কর্মচারীগণের অংশগ্রহণে কারা অধিদপ্তরের কনফারেন্স রুমে বেলা ১১.৩০ ঘটিকায় সামাজিক দূরত্ব বজায় রেখে জাতীয় শোক দিবসের আলোচনা সভার আয়োজন করা হবে;
- কারা অধিদপ্তরে স্থাপিত বঙ্গবন্ধু কর্নারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীভিত্তিক ও স্বাধীনতা সংগ্রাম সম্পর্কিত গ্রন্থ, স্থির চিত্র, ম্যাগাজিন, পত্রিকার গুরুত্বপূর্ণ খবরের অংশ ইত্যাদির মাধ্যমে সমৃদ্ধ করা হবে;
- এলইডি ডিসপ্লে বোর্ডের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী জীবন-এর ডকুমেন্টারি ভিডিও মাসব্যাপী প্রদর্শন করা হবে;
- কারা অধিদপ্তর সংলগ্ন বাগানবাড়ী এলাকায় জামে মসজিদে বাদ জোহর জাতীয় শোক দিবসের বিশেষ দোয়া মাহফিল ও প্রার্থনার আয়োজন করা হবে;

৪।মহাপরিচালক (অঃদাঃ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সভায় জানান, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছেঃ

- ১৫ আগস্ট, ২০২১ তারিখে জাতীয় শোক দিবসে অধিদপ্তরের অধীনস্থ সকল কার্যালয়ে যথাযথ মানসম্মত জাতীয় পতাকা যথাযথভাবে অর্ধনমিত রাখা হবে।
- যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন করা হবে।
- ১৫ আগস্ট ২০২১ তারিখ জাতীয় শোক দিবসে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সকাল ১০.৩০টায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।
- বিভাগীয় পর্যায়ে স্ব স্ব বিভাগীয় অতিরিক্ত পরিচালাকগণ এবং গোয়েন্দা/জেলা/বিশেষ জোন পর্যায়ে স্ব স্ব উপপরিচালক/সহকারী পরিচালকগণ জেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক যথাযথ কর্মসূচি পালন করবে।
- জাতীয় শোক দিবসে প্রধান কার্যালয়ে অনুষ্ঠেয় আলোচনা সভা ও দোয়া মাহফিলে সীমিত সংখ্যক কর্মকর্তা-কর্মচারী সামাজিক দুরুত্ব নিশ্চিত করে অংশগ্রহণ করবেন। আলোচনা সভা ও দোয়া মাহফিলে পর্যাপ্ত মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার এর ব্যবস্থা রাখা হবে।
- জাতীয় শোক দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয় নির্ধারিত সময়ের পূর্বে যথোপযুক্ত আকারে পরিস্কার-পরিচ্ছন্ন করা হবে।
- অধিদপ্তরের প্রধান কার্যালয়ে দোয়া মাহফিল আয়োজনের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদা ও সম্মানের সাথে পালনের অংশ হিসেবে অধিদপ্তরের নিরোধ শিক্ষা অধিশাখা হতে ইতোমধ্যে ২টি ড্রপডাউন ব্যানারের নমুনা মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। ড্রপডাউন ব্যানারে সংশ্লিষ্ট কার্যালয়ের নাম সংযুক্ত করে দৃশ্যমান স্থানে জরুরি ও অগ্রাধিকার ভিত্তিতে প্রদর্শনের ব্যবস্থা করার জন্য বিভাগীয় ও জেলা অফিসসমূহকে অনুরোধ করা হয়েছে।
- জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি সংক্রান্ত সুরক্ষা সেবা বিভাগের পত্র, মন্ত্রিপরিষদ বিভাগের পত্র এবং

অধিদপ্তরে ২৯ জুলাই ২০২১ তারিখ অনুষ্ঠিত সভার নির্দেশনাসম্বলিত কার্যবিবরণী ই-মেইলযোগে বিভাগীয় ও জেলা অফিসসমূহে প্রেরণ করা হয়েছে ও ওয়েবসাইটেও আপলোড করা হয়েছে।

- জাতীয় শোক দিবসের সকল কর্মসূচিতে জাতির পিতার ছবি সম্বলিত পোস্টার ও স্লোগান নির্বাচন করে জাতির পিতার ছবিসম্বলিত ব্যাচ প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে বিতরণ করা হয়েছে এবং সকলেই তা পরিধান করছেন।

৫।মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-এর পক্ষে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-এর পরিচালক, জনাব মোঃ সাইদুল ইসলাম (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন) জানান, জাতীয় শোকদিবস ১৫ আগস্ট পালনের লক্ষ্যে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়ঃ

- ১লা আগস্ট ২০২১-এ প্রধান কার্যালয়সহ সকল বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে ড্রপডাউন ব্যানার টাঙ্গানো হয়েছে।
- প্রধান কার্যালয়সহ সকল বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে ১৫ই আগস্টে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।
- ১৫ই আগস্ট প্রধান কার্যালয়ে জাতির পিতার পরিবারবর্গের আত্মার মাগফেরাত কামনা করে কোরআন তেলওয়াত ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।
- সকল বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ১৫ই আগস্টের অনুষ্ঠানে অংশগ্রহণ করবে।

১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও সম্মানের সাথে পালনের উদ্দেশ্যে সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
১	১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	সুরক্ষা সেবা বিভাগ ও অধীন দপ্তর/সংস্থার প্রধানগণ।
২	সকাল ৬.৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, অনার গার্ড প্রদান এবং মোনাজাত অনুষ্ঠান।	জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।
৩	অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-এরপ্রয়োজনীয় সংখ্যক গাড়ি, অ্যাম্বুলেন্স যথাস্থানে প্রস্তুত রাখা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/এ বিভাগ কর্তৃক মনোনিত প্রতিনিধি।
৪	১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত।	
৫	এ বিভাগ, অধিদপ্তর ও সংস্থা জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন এবং সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে তা বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্ল্যাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে।	এ বিভাগ/অধীন অধিদপ্তর/সংস্থা।

৬	এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্ল্যাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। জেলাও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে।	এ বিভাগ/ অধীন অধিদপ্তর/সংস্থা।
৭	জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে জেলা ও উপজেলায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের জন্য এ বিভাগ ও অধীন অধিদপ্তর কর্তৃক অর্থ বিভাগের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ করবেন।	এ বিভাগ/অধীন অধিদপ্তর/সংস্থা
৮	জাতীয় শোক দিবসের কর্মসূচি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও প্রয়োজনীয় সমন্বয়সাধনের জন্য গঠিত কমিটি; ক) ৩২ নম্বর ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি এবং খ) ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং সমন্বয়কমিটির সাথে এ বিভাগের মনোনিত কর্মকর্তাগণের যোগাযোগ রাখা।	এ বিভাগ কর্তৃক মনোনিত প্রতিনিধিবৃন্দ।
৯	ধানমন্ডি লেক এবং গোপালগঞ্জগামী রুটের সকল ফেরিঘাটে পর্যাপ্ত সংখ্যক ফায়ার সার্ভিস-এর ডুবুরি ইউনিট রাখা যেতে পারে।	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
১০	এ বিভাগ/দপ্তর/সংস্থা-এর কর্মকর্তা/কর্মচারীগণ জাতীয় শোক দিবসের সকল অনুষ্ঠানস্থলে বিভিন্ন দায়িত্বে নিয়োজিত থাকবেন তাদের সকলকে এসবি পাশ সংগ্রহ করতে হবে।	এ বিভাগ/অধীন অধিদপ্তর/সংস্থা
১১	১৫ আগস্ট ২০২১ তারিখ এ বিভাগ ও অধীন অধিদপ্তরের ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে; এ ক্ষেত্রে ফ্ল্যাগ রুলস যথাযথভাবে অনুসরণ করতে হবে; জাতীয় পতাকার মাপ সঠিক আছে কি না এবং সঠিকভাবে উত্তোলন করা হচ্ছে কি না; তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যেতে পারে।	এ বিভাগ/অধীন অধিদপ্তর/সংস্থা
১২	১২.১) কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে জাতীয় শোক দিবসের সকল অনুষ্ঠানস্থলে যথাযথভাবে স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা যেতে পারে।	এ বিভাগ/অধীন অধিদপ্তর/সংস্থা
	১২.২)সকলকে মাস্ক পরিধান নিশ্চিত করার জন্য অনুরোধ করা যেতে পারে।	
	১২.৩) সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা এবং হ্যান্ড স্যানিটাইজার রাখা যেতে পারে।	
	১২.৪) মন্ত্রিপরিষদ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকর্তৃক কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে জারিকৃত সকল নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যেতে পারে।	

সভাপতি 'জাতীয় শোক দিবস' যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সকলের প্রতি অনুরোধ জানান। তিনি সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় শান্তিপূর্ণভাবে পালিত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় জুম অনলাইন প্ল্যাটফর্মে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোকাব্বির হোসেন

সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.১৫৪ তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮

০৯ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আবদুল কাদির
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০০১.২০২০-৭৭৪ তারিখঃ ২৬ শ্রাবণ' ১৪২৮
১০ আগস্ট '২০২১

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ, প্রশাসন-৩ শাখার স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.২০১৭-১৫৪ তারিখঃ ০৯-৮-২০২১ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ।

১। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।

২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর। পত্রের মর্মানুযায়ী আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণ পূর্বক বর্নিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

৩। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী।

৪। সিনিয়র জেল সুপার/ জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

৫। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।

৬। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।

৭। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/ বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।

৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। উল্লিখিত স্মারকটি কারা বিভাগের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।

১০। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

১১। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্যে।

১২। গার্ড ফাইল।

১০/৮/২১
মোহাম্মদ সাজ্জাদ হোসেন
সহকারী কারা মহাপরিদর্শক(প্রশাসন, অ:দা:)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
ফোন নং-৫৭৩০০৪১৪
aig.adm@prison.gov.bd